

বিসমিল্লাহির রাহমানির রাহিম

পিআরডিপি-৩/ লিংক মডেলের প্রেক্ষাপট,
উদ্দেশ্য, বাস্তবায়ন কৌশল ও ফলাফল

পিআরডিপি-৩ এর প্রেক্ষাপটঃ

বাংলাদেশ একটি গ্রাম প্রধান দেশ। এ দেশের অধিকাংশ লোক গ্রামে বাস করে। শহরের বেশির ভাগ লোকেরও আদিবাস গ্রাম বা পল্লীতে। তাই জনকল্যাণে গ্রামের উন্নয়ন আবশ্যিক। গ্রামের উন্নয়ন মানেই দেশের উন্নয়ন। পল্লী উন্নয়নের লক্ষ্যে বিগত শতকে বেশ কিছু মডেল উদ্ভাবন করা হয়। এর মধ্যে ১৯০৪ সালে উদ্ভাবিত গ্রামীণ সমবায় ব্যাংক (Village Cooperative Bank), ১৯৫৩ সালের V-AID কর্মসূচি, ১৯৬০ এর দশকে কুমিল্লা মডেল এবং দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে গৃহীত ১৯৭৬ সালের গ্রামীণ পদ্ধতির ক্ষুদ্র ঋণ অন্যতম। এ সকল উন্নয়ন মডেল বিভিন্ন বিভাগ/সংস্থা কর্তৃক বাস্তবায়ন করা হয়েছে এবং হচ্ছে। ঋণসহ বস্তুগত বিভিন্ন সুবিধা প্রদান এ সকল মডেলের অন্যতম বৈশিষ্ট্য। উল্লিখিত কোন মডেলেই সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবা ও সুবিধা জনগণের দোরগোড়ায় পৌঁছানোর ক্ষেত্রে ইউনিয়ন পরিষদকে কার্যকরভাবে ব্যবহার করা হয়নি। অর্থাৎ পল্লী উন্নয়নে নিয়োজিত পক্ষগুলো সম্মিলিতভাবে কাজ করার জন্য একটি সমন্বিত ব্যবস্থা অনুশীলন করা হয়নি, যা টেকসই পল্লী উন্নয়নের জন্য অপরিহার্য।

বিংশ শতাব্দির সূচনাকাল থেকেই পল্লী উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশে বিভিন্ন পদ্ধতি (approach) অনুসরণ করা হয়েছে। পল্লী বাংলার জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য যেসকল প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে তাতে গ্রামীণ জনগোষ্ঠীর দারিদ্র বিমোচনের মূল সমস্যা মোকাবেলা করা সম্ভব হয়নি। ফলে পল্লী উন্নয়নের লক্ষ্য অর্জনের জন্য পরীক্ষা নিরীক্ষাসহ নানাবিধ প্রচেষ্টা অনুশীলন করা হয়। ষাটের দশকে কমিউনিটি এ্যাপ্রোচ (Community approach) সত্তরের দশকে Integrated approach এবং আশির দশকে Target Group approach অনুশীলন করা হয়। পল্লী উন্নয়নের এ সকল প্রচেষ্টা আংশিক সফলতা আনলেও পল্লী উন্নয়নের সফল মডেল হিসেবে প্রাতিষ্ঠানিকীকরণে ঘাটতি পরিলক্ষিত হয়। বিষয়টি অনুধাবন করে দক্ষ একদল জাপানী বিশেষজ্ঞ (Expert), কিওটো বিশ্ববিদ্যালয়ের কয়েকজন প্রফেসর, বার্ড, আরডিএ, বাকৃবি ও বিআরডিবি'র বিশেষজ্ঞ সমন্বয়ে দীর্ঘ গবেষণা ও প্রয়োগিক গবেষণার মাধ্যমে পল্লী উন্নয়নের জন্য টেকসই Comprehensive approach - “লিংক মডেল” উদ্ভাবন করেন।

বিগত ১৯৮৬-৯০ মেয়াদে বার্ড, আরডিএ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ও কियोটো বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে community উন্নয়নে একটি যুৎসই মডেল উদ্ভাবনের জন্য দেশের ৫টি জেলার ৫টি ইউনিয়নের ৬টি গ্রামে গবেষণা শুরু করা হয় এবং পরবর্তীতে জাইকার সহযোগিতায় টাঙ্গাইল জেলার কালিহাতী উপজেলায় ১৯৯২-৯৫ পর্যন্ত বিআরডিবি কর্তৃক পরীক্ষামূলক প্রয়োগিক গবেষণা করা হয়। এর ৫ (পাঁচ) বৎসর পর ২০০০-২০০৪ মেয়াদে জাইকা ও বিআরডিবি'র উদ্যোগে PRDP-1 এর আওতায় টাঙ্গাইল জেলার কালিহাতী উপজেলার (সহদেবপুর, নারান্দিয়া, বাংড়া ও সল্লা) ৪টি ইউনিয়নে সফল পরীক্ষা শেষে Link Model উদ্ভাবন করা হয়। প্রকল্পের সফল বাস্তবায়নের ফলে জাইকা ও জিওবি'র যৌথ অর্থায়নে জুন/২০০৫ থেকে মে/২০১০ মেয়াদে টাঙ্গাইল জেলার কালিহাতী উপজেলার ১১টি ইউনিয়ন, টাঙ্গাইল সদর উপজেলার ৩টি ইউনিয়ন, দেলদুয়ার উপজেলার ২টি ইউনিয়ন, কুমিল্লা জেলার তিতাস উপজেলার ২টি ইউনিয়ন, মেহেরপুর জেলার সদর উপজেলার ২টি ইউনিয়নসহ মোট ৩টি জেলার ২০ টি ইউনিয়নে PRDP-2/Link Model পাইলট প্রজেক্ট হিসেবে বাস্তবায়িত হয়। এর সফলতার উপর ভিত্তি করে জুলাই/২০১০-জুন/২০১৪ মেয়াদকালে পিআরডিপি-২, ২য় সংশোধিত প্রকল্প হিসেবে দেশের ৬৪ জেলার ৮৫টি উপজেলার ২০০ টি ইউনিয়নে বাস্তবায়ন শেষে প্রকল্পটির মেয়াদ “No Cost” এর আওতায় জুন, ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়। প্রকল্পের সফলতা এবং মন্ত্রণালয়ের মধ্যবর্তী মূল্যায়ন কমিটির সুপারিশ, পরিকল্পনা কমিশন কর্তৃক মূল্যায়িত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন এবং জাইকা কর্তৃক ২০১৪ সনে পিআরডিপি-২ Ex-post Evaluation রিপোর্টের ভিত্তিতে পল্লীর আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নে পিআরডিপি-৩ প্রকল্পটি বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত হয়। যা বর্তমানে ৬৪ টি জেলার, ২০০টি উপজেলার, ৬০০টি ইউনিয়নে পিআরডিপি-৩ নামে সম্প্রসারিত আকারে বাস্তবায়িত হচ্ছে।

Historical Background

| Title | Period | Agency | Phase | Areas |
|--|---------------|-----------------------------|----------------------|----------------------------------|
| Joint Study on Agriculture & Rural Development (JSARD) | 1986-1990 | BARD/RDA/BAU/Koyoto Univ. | Research | 5-Dist. 5-UP. 6-Vill. |
| Joint Study on Rural Dev. Experiment (JSRDE) | 1992-1995 | BARD/BRDB/Koyoto University | Experiment | 5-Dist. 5-UP. 6-Vill. |
| Participatory Rural Development Project-1 | 2000-2004 | BRDB/JICA | PRDP -1 /Link Model. | 1-Dist. 1-Upz 4-Unions |
| Participatory Rural Development Project-2 | 2005-2010 | BRDB/JICA | PRDP-2 /Link Model | 3-Dist 3-Upz 20-Unions |
| Participatory Rural Development Project-2 | 2010-2015 | BRDB/JICA | PRDP-2 /Link Model | 64-Dist 85-Upz 200-Unions |
| Participatory Rural Development Project-3 | 2015-2020 | BRDB | PRDP-3 /Link Model | 64-Dist 200-Upz 600-Unions |



এক নজরে পিআরডিপি-৩

| | |
|-----------------------------------|--|
| প্রকল্পের শিরোনাম | ঃ অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ |
| বাস্তবায়নকারী মন্ত্রণালয় | ঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| প্রকল্পের মেয়াদকাল | ঃ জুলাই, ২০১৫ থেকে জুন, ২০২০ খ্রিঃ |
| অর্থের উৎস | ঃ জিওবি |
| প্রকল্প এলাকা | ঃ ৬৪ টি জেলার ২০০ টি উপজেলার ৬০০ টি ইউনিয়ন |
| প্রকল্প বরাদ্দ | ঃ জিওবি ১৯৯২৭.১৫ লক্ষ টাকা, সুবিধাভোগী এবং ইউপি'র অংশ ৩২৪০.০০ লক্ষ টাকা (মোট ব্যয়- ২৩১৬৭.১৫ লক্ষ টাকা) |
| প্রকল্পের জনবল | ঃ ৬৩৯ জন (জনবল নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে) |
| ইউসিসি গঠন | ঃ ৬০০ (প্রতি ইউনিয়নে ০১টি করে) |
| ইউসিসিএম অনুষ্ঠান | ঃ ৩৬০০০ টি |
| গ্রাম উন্নয়ন কমিটি গঠন | ঃ ৫৪০০টি (৬০০x৯) |
| গ্রাম উন্নয়ন কমিটির সভা অনুষ্ঠান | ঃ ৩২৪০০০ টি |
| প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | ঃ ৬৪৯৬২০ জন |
| ভিডিসি/ ইউসিসি স্কীমের সংখ্যা | ঃ ১০৮০০ টি |

প্রকল্পের উদ্দেশ্য

- ১। গ্রাম উন্নয়নে সম্পৃক্ত সকলের মধ্যে সহযোগিতা ও সমন্বয়ের পরিবেশ সৃষ্টি করা।
- ২। গ্রামবাসীগণের চাহিদা অনুসারে উন্নয়নমূলক সেবা প্রদান ও প্রাপ্তির ব্যবস্থা নিশ্চিত করা।
- ৩। গ্রামবাসীগণের সম্মিলিত প্রচেষ্টায় উন্নয়নমূলক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা।
- ৪। সরকারি এবং বেসরকারি সংস্থার সকল সেবা ও সহায়তা সাধারণ জনগণের নিকট পৌঁছানো নিশ্চিত করা।
- ৫। গ্রামীণ জীবনমান উন্নয়নে গ্রামীণ ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ ও মেরামত করা।
- ৬। ইউনিয়ন পরিষদকে One stop Service Delivery Station হিসেবে পরিণত করা।
- ৭। উন্নয়ন কর্মকাণ্ডের সকল ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা।
- ৮। গ্রাম, ইউনিয়ন ও উপজেলার মধ্যে Vertical Linkage এবং সেবা গ্রহণকারী ও সেবা প্রদানকারীদের মধ্যে Horizontal Linkage স্থাপন করা।

লিংক মডেলের মূল অঙ্গসমূহ এবং বাস্তবায়ন কৌশলঃ

- ক) ইউসিসি (ইউনিয়ন কো-অর্ডিনেশন কমিটি)
- খ) ইউসিসিএম (ইউনিয়ন কো-অর্ডিনেশন কমিটি মিটিং)
- গ) ভিডিসি (গ্রাম উন্নয়ন কমিটি)
- ঘ) ভিডিসিএম (গ্রাম উন্নয়ন কমিটি মিটিং)
- ঙ) ইউডিও (ইউনিয়ন ডেভেলপমেন্ট অফিসার)
- চ) এনবিডি (ন্যাশনাল বিল্ডিং ডিপার্টমেন্ট)
- ছ) ইউসিসি/ভিডিসি স্কীম।
- জ) ইউ আই এস এস সি (ইউনিয়ন ইনফরমেশন সার্ভিস সেন্টার)
- ঝ) এস আই টি (স্কীম ইমপ্লিমেন্টেশন টিম)
- ঞ) এফ পি টি টি (ফিল্ড প্রপোজাল টাইপ ট্রেনিং)
- ট) নোটিশ বোর্ড
- ড) স্কীম প্রদর্শনী বোর্ড

পিআরডিপি - ৩ এর লিংক মডেল বাস্তবায়নে মূলতঃ তিনটি কৌশল রয়েছে। গ্রাম উন্নয়ন কমিটি মিটিং (ভিডিসিএম), ইউনিয়ন সমন্বয় কমিটি মিটিং (ইউসিসিএম) এবং ইউনিয়ন ডেভেলপমেন্ট অফিসার (ইউডিও) এর সংযোগ ভূমিকা।

ভিডিসিএমঃ

গ্রাম কমিটি মিটিং হচ্ছে গ্রাম পর্যায়ে সরকারী/বেসরকারী মাঠ কর্মীদের সাথে গ্রামবাসীগণের গ্রাম উন্নয়নে তথ্য বিনিময় করার একটি ফোরাম, যা 'মিনি এ্যাসেম্বলী' হিসেবে বিবেচিত। গ্রাম কমিটি ২০-৩০ সদস্য বিশিষ্ট হয়।



VDC sits in a meeting and takes a decision to construct the sewage drain. URDO, Ulipur, Tabakpur UP Chairman, VDC President and Secretary are discussing with the village people.

গ্রাম উন্নয়ন কমিটির কাজঃ

- * প্রতিমাসে নিয়মিত সভা অনুষ্ঠান করা ।
- * কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশনসহ গ্রামের সকল সমস্যা নিয়ে উন্মুক্ত আলোচনা অনুষ্ঠানপূর্বক সমাধানের উপায় উদ্ভাবন ।
- * স্থানীয় চাহিদার আলোকে স্থানীয় সম্পদ আহরণ ও স্থানীয়ভাবে পরিকল্পনা গ্রহণ ।
- * ইউনিয়ন সমন্বয় কমিটির সহায়তা প্রয়োজন এমন বিষয়গুলো চিহ্নিতকরণ ও ইউসিসিএম এ উপস্থাপন ।
- * গ্রাম কমিটির প্রতিনিধিত্ব ছাড়াও মহিলাদের জন্য পৃথক সাব-কমিটি গঠন ।

ইউসিসিএমঃ

ইউনিয়ন কো-অর্ডিনেশন কমিটি মিটিং হচ্ছে ইউনিয়ন পর্যায়ে ইউপি সদস্য, সরকারী/বেসরকারী কর্মকর্তা/কর্মচারী এবং গ্রামবাসীগণ কর্তৃক তথ্য বিনিময় করা ও জবাবদিহিতা নিশ্চিত করার একটি অন্যতম ফোরাম, যা ‘মিনি পার্লামেন্ট’ হিসেবে বিবেচিত।




Union Coordination Committee Meeting (UCCM)

ইউনিয়ন কো-অর্ডিনেশন কমিটির কাজঃ

- * প্রতিমাসে নিয়মিত সভা অনুষ্ঠান
- * গত মাসের গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা এবং পরবর্তী মাসের পরিকল্পনা গ্রহণ
- * গ্রামবাসীর সাধারণ সমস্যা নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ
- * গ্রাম কমিটি কর্তৃক দাখিলকৃত উন্নয়ন স্কিম পর্যালোচনা ও অনুমোদন
- * সরকারী-বেসরকারী সেবা সরবরাহে গ্রামবাসীর প্রবেশাধিকার নিশ্চিতকরণ সেবা
প্রদানকারী ও সেবাগ্রহণকারীদের মধ্যে সমন্বয় সংযোগ স্থাপন ও জবাবদিহিতা নিশ্চিতকরণ।
- * ইউনিয়নের উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, সেবা ও সম্পদের সুষম ব্যবহার এবং উন্নয়ন কর্মকাণ্ডে জন অংশগ্রহণ নিশ্চিত করা।

ইউডিওঃ

- ১। ইউনিয়ন ডেভেলপমেন্ট অফিসার হচ্ছে জিসিএম এবং ইউসিসিএম কে সহযোগিতা করে সকলের মধ্যে লিংক ঘটানোর একটি অনুঘটক।
- ২। সেবা প্রদানকারী ও সেবা গ্রহণকারীদের মধ্যে লিংকেজ স্থাপন এবং সমন্বয়ের দায়িত্বপালন।
- ৩। উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়নে সহায়তা প্রদান ও সামাজিক তদারকির জন্য সচেতনতা সৃষ্টি ও স্বচ্ছতা নিশ্চিত করা।



➔ **Horizontal Linkage**

Vertical Linkage ➔



ফিল্ম প্রপোজাল টাইপ ট্রেনিং (এফপিটিটি)

ফিল্ম প্রপোজাল টাইপ ট্রেনিং বলতে গ্রাম থেকে আবেদিত এবং গ্রামের বাস্তবায়িত প্রশিক্ষণ সমূহকে বুঝানো হয়। চাহিদাকৃত প্রশিক্ষণ সমূহ ভিডিসিএম-এ আলোচিত হয়ে ইউসিসিএম-এ উপস্থাপন করা হয়। ইউডিও'র সহায়তা নিয়ে সংশ্লিষ্ট এনবিডি সম্প্রসারণ কর্মীরা উক্ত প্রশিক্ষণ বাস্তবায়নের দায়িত্ব নিয়ে থাকেন। প্রশিক্ষণ প্রাপ্তির নিশ্চয়তাকে সহজতর করার লক্ষ্যে উক্ত এলাকায় কর্মরত এনজিও কিংবা স্থানীয় অধিবাসীরাও প্রশিক্ষণ প্রদানের দায়িত্ব নিতে পারেন। গ্রামবাসীদের দৈনন্দিন জীবনের কাজে লাগে এমন বিষয়ে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে সাধারণতঃ অল্প খরচে-স্বল্প সময়ে ফিল্ম প্রপোজাল ট্রেনিং বাস্তবায়িত হয়ে থাকে।



যে সব ক্ষেত্রে প্রশিক্ষণ দেওয়া যাবেঃ

| ক্র নং | প্রকারভেদ | উদাহরণ |
|--------|--------------------|---|
| ০১. | এনবিডি সংক্রান্ত | কৃষি, মৎস্য, পশু সম্পদ, পরিবার পরিকল্পনা ইত্যাদি |
| ০২. | সচেতনতা বৃদ্ধিমূলক | বাল্য বিবাহ রোধ, প্রজনন স্বাস্থ্য সেবা, প্রাকৃতিক দুর্যোগ (ঘূর্ণিঝড়, বন্যা, বজ্রপাত) ইত্যাদি |
| ০৩. | দক্ষতা বৃদ্ধিমূলক | সেলাই, কম্পিউটার, এমব্রয়ডারী ইত্যাদি |

অংশগ্রহণকারী :

২৫-৩০ জন প্রশিক্ষণার্থী অবশ্যই ভিডিসি কর্তৃক নির্বাচিত হবে। তবে এক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলি বিবেচনা করতে হবে।

১। ভিডিসি সদস্য ছাড়াও সাধারণ গ্রামবাসী অন্তর্ভুক্ত থাকতে পারে।

২। কমপক্ষে ২০% মহিলা প্রশিক্ষণার্থী থাকতে হবে। (প্রশিক্ষণের বিষয়ের উপর নির্ভর করে ১০% পর্যন্ত হতে পারে)

৩। প্রশিক্ষণার্থীর বয়স ১৮ (আঠার) এর নীচে হতে পারবে না।

ভিডিসি স্কীম

ইউনিয়ন সমন্বয় কমিটির সভায় (ইউসিসিএম) খোলামেলা আলোচনার মাধ্যমে ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ ও সংস্কারসহ গ্রাম এলাকার সকল উন্নয়নমূলক কর্মকান্ড সঠিকভাবে বাস্তবায়ন করা। প্রকল্পভুক্ত গ্রামবাসী, ইউনিয়ন পরিষদ ও প্রকল্প সহায়তায় অংশীদারিত্বের ভিত্তিতে গ্রাম ও ইউনিয়ন পর্যায়ে ক্ষুদ্র ভৌত অবকাঠামোগত স্কীম বাস্তবায়ন করা।

ভিডিসি স্কীমসমূহ:

| ক্রঃ নং | স্কীমের প্রকার | বাস্তবায়ন যোগ্য কাজ |
|---------|--|--|
| ১ | পাড়া রাস্তা | কাচা রাস্তা (নির্মাণ ও মেরামত), এইচবিবি করণ |
| ২ | কালভাট | রিং/বক্স কালভাট স্থাপন |
| ৩ | সেনিটেশন/স্বাস্থ্য সম্মত পায়খানা নির্মাণ | সিমেন্ট / রিং স্থাপন |
| ৪ | আর্সেনিক মুক্ত টিউবওয়েল | আর্সেনিকমুক্ত মাটির লেয়ার পর্যন্ত পাইপ স্থাপন/টিউবওয়েল স্থাপন |
| ৫ | স্কুল / বিদ্যালয় | স্কুল মাঠে মাটি ভরাট, শ্রেণী কক্ষ বাড়ানো, বারান্দা ওয়াল মেরামত, শ্রেণী কক্ষে/স্কুলে ব্যবহৃত ফার্নিচার / আসবাবপত্র |
| ৬ | পাবলিক লাইব্রেরী | ঘর তৈরী, আলমিরা/তাক তৈরী, বই ক্রয় |
| ৭ | ড্রেন | পয়ঃনিষ্কাশন/পানি সরবরাহের পাকা ড্রেন। |
| ৮ | হাট-বাজার | মাটি ভরাট |
| ৯ | সাঁকো | কাঠ/বাশেঁর সেতু নির্মাণ |
| ১০ | অন্যান্য | আর্থ সামাজিক অবকাঠামো |

বাজেট ও লক্ষ্যমাত্রাঃ

- ক) সরকারী সেবা দানকারীদের প্রতি গ্রামবাসীদের শ্রদ্ধাবোধ সৃষ্টি ।
- খ) পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি ও পরিবীক্ষণের অবকাশ সৃষ্টি ।
- গ) টিমওয়ার্ক সৃষ্টি ।
- ঘ) সর্ব সাধারণের প্রয়োজনীয় কর্মকাণ্ড সম্পর্কে বুঝতে পারা ।
- ঙ) সেবা ও সম্পদের সর্বোচ্চ ব্যবহার।
- চ) চাহিদা ভিত্তিক সেবা নিশ্চিত করা ।
- ছ) গ্রামের সাধারণ মানুষের মধ থেকে সামাজিক নেতৃত্ব সৃষ্টি ও ক্ষমতায়ন ।
- জ) সেবা সমূহে স্বচ্ছতা ও জবাবদিহিতা তৈরি ।

বাজেট ও লক্ষ্যমাত্রাঃ

- ১। স্বাভাবিক অবস্থায় প্রতি ভিডিসি স্কীমের বাজেট সীমা ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা যার মধ্যে প্রকল্প সহায়তা হবে ৭০০০০/- সত্তর হাজার টাকা (১,০০,০০০/- এক লক্ষ টাকার ৭০%)। একটি স্কীমের বাজেট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার বেশী করা যাবে। তবে সেক্ষেত্রে প্রকল্প সহায়তা ৭০০০০/- সত্তর হাজার টাকা বলবৎ থাকবে। অতিরিক্ত অর্থ ভিডিসি অথবা ইউপি হতে যোগান দিতে হবে।
- ২। বিশেষ ক্ষেত্রে স্কীম বাস্তবায়নের জন্য প্রকল্প সহায়তা ৭০,০০০/- টাকার নির্ধারিত সিলিং বাড়ানো যাবে। তবে এ ক্ষেত্রে অন্য স্কীমের অব্যবহৃত অর্থ ইউসিসিএম ও ইউআরডিও এর বিশেষ পর্যবেক্ষণ ও পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে নিশ্চিত হতে হবে যে, ইহা বিশেষ বিবেচনা যোগ্য প্রকল্প অথবা বিশেষ বিবেচনা যোগ্য নয়। এখানে উল্লেখ্য যে আর্থিক বছরের মোট স্কীমের বরাদ্দ সংখ্যা অপরিবর্তিত থাকবে। এক ক্ষেত্রে যৌথ স্কীম বাস্তবায়ন করা যেতে পারে।
- ৩। দুইটি ভিডিসি স্কীম যুগ্মভাবে বাস্তবায়নের ক্ষেত্রে বাজেট হবে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা (এক্ষেত্রে স্কীমে প্রজেক্টের বরাদ্দকৃত অর্থের পরিমাণ হবে $৭০,০০০/- \times ২ = ১,৪০,০০০/-$ (এক লক্ষ চল্লিশ হাজার) টাকা এবং আরো বেশী যুগ্মস্কীম বাস্তবায়নের জন্য টাকার দরকার হলে তা স্কীম প্রতি মোট বাজেট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং প্রকল্প বরাদ্দ ৭০,০০০/- টাকা হারে বাড়বে।

গ্রামবাসী এবং ইউনিয়নের সহায়তা /প্রদেয় অংশ (কন্ট্রিবিউশন)

- ১। ভিডিসি স্কীম বাস্তবায়নের মোট প্রাক্কলিত ব্যয়ের অন্তত: ২০% গ্রামবাসীকে বহন করতে হবে যা নগদ বা উপকরণ ভিত্তিক যেমনঃ কায়িক শ্রমের মাধ্যমে হতে পারে।
- ২। ইউপি কন্ট্রিবিউশন হিসেবে মোট প্রাক্কলিত ব্যয়ের অন্তত: ১০% ইউনিয়ন পরিষদকে বহন করতে হবে।
- ৩। আর্থিক বছরের শেষ ভিডিসি স্কীমের জন্য ইউনিয়ন পরিষদের মোট কন্ট্রিবিউশন/প্রদেয় টাকার বিষয়ে আলোচনা করে ইউসিসিএম এ রেজুলেশনে বিস্তারিত রেকর্ড করতে হবে।

স্কীম বাস্তবায়ন প্রক্রিয়াঃ

| ক্রঃ নং | কি করতে হবে | মাস/সময় | কিভাবে করতে হবে/ মন্তব্য |
|---------|--|--|---|
| ১ | ভিডিসি গঠন/পূর্বের ভিডিসি থাকলে সক্রিয়করণ। | ইউপিতে যোগদানের সাথে সাথেই | গ্রামের প্রত্যেক খানা থেকে প্রতিনিধি নিয়ে সাধারণ সভা অনুষ্ঠান করে প্রস্তাব/সমর্থনের মাধ্যমে অথবা প্রয়োজন বোধে ভোটাভোটের মাধ্যমে ভিডিসি গঠন করতে হবে। পুরাতন ভিডিসি থাকলে ভিডিসিএম অনুষ্ঠানের মাধ্যমে ইউডিও তা সক্রিয় করবেন। |
| ২ | ভিডিসিএমএ গ্রামের সমস্যাচিহ্নিত করণ। | নিয়মিত ভিডিসিএমএ | ইউডিও ভিডিসিএম অনুষ্ঠানের উদ্যোগ গ্রহণ করবেন এবং গ্রামের সমস্যা নিয়ে আলোচনা পূর্বক সমস্যা চিহ্নিতকরণে সহযোগিতা করবেন। |
| ৩ | স্কীমের প্রস্তাব তৈরী | ঐ | ইউডিও গ্রামের সামগ্রিক সমস্যা চিহ্নিতকরণে ভিডিসিকে পরামর্শ ও সহযোগিতা পূর্বক সমস্যা/স্কীমের অগ্রধিকার তালিকা তৈরী করবেন। অতঃপর বাস্তবায়ন যোগ্যস্কীমের প্রস্তাব তৈরী করবেন। |
| ৪ | স্কীমের প্রস্তাব ইউসিসিএম'এ প্রেরণ | নিকটতম ইউসিসিএম'এ | ইউডিও এর সহযোগিতায় ভিডিসি কর্তৃক তৈরীকৃত প্রস্তাব ইউসিসিএম'এ উপস্থাপন করতে হবে। ভিডিসিএম এর রেজুলেশনসহ ইউডিও এ প্রস্তাব উপস্থাপন করবেন। |
| ৫ | ইউসিসিএম কর্তৃক অনুমোদন | একই ইউসিসিএম'এ | একই ইউসিসিএম'এ ভিডিসি কর্তৃক দাখিলকৃত প্রস্তাব আলোচনা ও পর্যালোচনার পর অনুমোদিত হবে। |
| ৬ | অনুমোদিত প্রস্তাব ইউআরডিও'র নিকট প্রেরণ | ইউসিসিএম এর পর পরই | ইউডিও ভিডিসিএম এর রেজুলেশন, স্কীম বাস্তবায়নে ভিডিসির প্রস্তাব/আবেদন ইউসিসিএম এর অনুমোদন সংক্রান্ত রেজুলেশনের কপি ও অন "ান" কাগজপত্রসহ অগ্রায়ন পত্রের মাধ্যমে অনুমোদনের জন্য ইউআরডিও'র নিকট দাখিল করবেন। |
| ৭ | ইউআরডিও কর্তৃক সুপারিশকরণ এবং উপ-পরিচালক এর নিকট প্রেরণ। | প্রস্তাব প্রাপ্তির অনধিক ৫ দিনের মধ্যে " | ইউআরডিও স্কীম বাস্তবায়নের প্রস্তাব প্রাপ্তির পর প্রয়োজনীয় কাগজপত্র যাচাই-বাচাই পূর্বক দ্রুত জেলার উপ-পরিচালকের নিকট অনুমোদনের জন্য প্রেরণ করবেন। |
| ৮ | উপপরিচালক কর্তৃক প্রস্তাব অনুমোদন | প্রস্তাব প্রাপ্তির অনধিক ৭ দিনের মধ্যে " | ইউআরডিও কর্তৃক প্রেরিত স্কীমের প্রস্তাব উপপরিচালক দ্রুত অনুমোদন করে ইউআরডিও এর নিকট পাঠাবেন। ভিডিসি কর্তৃক প্রস্তাবিত এবং ইউসিসিএম কর্তৃক অনুমোদিত স্কীম ব " তীত ভিন্ন কোন স্কীম যাতে বাস্তবায়িত না হয় উপপরিচালক এ বিষয়টি নিশ্চিত করবেন। |
| ৯ | স্কীম বাস্তবায়ন | উপপরিচালকের অনুমোদনের পর পরই | উপপরিচালক কর্তৃক স্কীম অনুমোদিত হওয়ার পর পরই ইউআরডিও এসআইটি (SIT) এর মাধ " মে স্কীম বাস্তবায়নের উদে " াগ গ্রহণ করবেন। |

এসআইটি নিম্নলিখিত ব্যক্তিবর্গ নিয়ে গঠিত হতে পারে :

| | | |
|--|--|-----------------|
| ১. | ভিডিসি সভাপতি | আহ্বায়ক/সভাপতি |
| ২. | ভিডিসি এলাকার একজন ইউপি মহিলা সদস্য অথবা একজন ভিডিসি মহিলা সদস্য | সদস্য |
| ৩. | ইউডিও | সদস্য |
| ৪. | ভিডিসি সেক্রেটারী | সদস্য সচিব |
| এছাড়া স্কীম বৈশিষ্ট্য অনুযায়ী প্রয়োজনে নিম্নবর্ণিত ব্যক্তিগণকে সদস্যভুক্ত করা যেতে পারে । | | |
| ৫. | একজন ইউপি সদস্য (সংশ্লিষ্ট ওয়ার্ড হতে নির্বাচিত) | উপদেষ্টা |
| ৬. | স্কীম সম্পর্কিত একজন এনবিডি | সদস্য |
| ৭. | অন্য ২ জন ভিডিসি সদস্য | সদস্য |
| ৮. | একজন পেশাজীবী যেমন- স্কুল শিক্ষক | সদস্য |
| ৯. | এমন একজন ব্যক্তি যিনি স্কীম বাস্তবায়নে সহযোগীতা করতে পারেন | সদস্য |
| ভিডিসি স্কীম বাস্তবায়নের সকল দায়িত্ব এস আই টি পালন করবে । | | |

ধন্যবাদ